ভোরের কাগজ

তারিখ 29 APR 199.. পৃঃ ২ কলাম ২

## সংসদে প্রধানমন্ত্রী ❑ বিরোধী দলের সহযোগিতা কামনা

# ছাত্র রাজনীতি বন্ধ করতে প্রস্তুত অস্ত্রধারীদের দেখামাত্র গুলির নির্দেশও দেওয়া যেতে পারে

কাগজ প্রতিবেদক : প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জাতীয় সংসদে বলেন যে, রাষ্ট্রপতির প্রস্তাব অনুসারে ছাত্র রাজনীতি বন্ধ করতে তাঁর সরকার প্রস্তুত, যদি সব দল রাজি হয়। তিনি আরো বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করতে বিএনপিসহ সব মহল সম্মত হলে এমনকি অস্ত্রধারী সন্ত্রাসীদের দেখামাত্র গুলি করার জন্য পুলিশকে নির্দেশ দিতেও তাঁর সরকার প্রস্তুত।

প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তরকালে জাতীয় পার্টির সাংসদ ডা. রুস্তম আলী ফরায়জীর এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এই গুরুত্বপূর্ণ ঘোষণা দেন। তাঁর ঘোষণাকে সরকারি দলের সদস্যরা টেবিল চাপড়িয়ে অভিনন্দিত করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাজ থেকে, বিশেষ করে ক্যাম্পাস থেকে সন্ত্রাস দূর করতে সরকারকে সহযোগিতা করার জন্য বিরোধীদলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, 'আমরা আন্তরিকভাবেই ক্যাম্পাসে সন্ত্রাসের অবসান চাই এবং এজন্য আপনাদের সহযোগিতা প্রয়োজন।'

প্রশ্নকারী প্রধানমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলেন, যে, রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ রাজনৈতিক দলগুলোর অঙ্গ সংগঠন হিসেবে ছাত্র সংগঠন না রাখার যে প্রস্তাব দিয়েছেন তা তিনি সমর্থন করেন কিনা। জবাবে শেখ হাসিনা বলেন, 'আমার কোনো আপত্তি নেই, আমি সকল দলের কাছে আহ্বান করবো সব দলের নেতৃবৃন্দ বসুন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূর করতে কর্মপদ্ধতি নির্ধারণ করুন।'

তিনি বলেন, আওয়ামী লীগের গঠনতন্ত্রে ছাত্র সংগঠন দলের অঙ্গ সংগঠন নয়। কিন্তু বিএনপির অঙ্গ সংগঠন হচ্ছে জাতীয়তাবাদী ছাত্রদল। আমরা ছাত্র সংগঠনকে ছাত্র সংগঠন হিসেবেই বিবেচনা করি। তিনি বলেন, আমাদের রাজনীতি ছাত্র সংগঠনের ওপর নির্ভরশীল নয়। জনসমর্থন আছে আমাদের। আওয়ামী লীগকে হত্যার মাধ্যমে ক্ষমতাচ্যুত করা হয়েছিল, আন্দোলন বা নির্বাচনের মাধ্যমে নয়।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করতে দেখামাত্র অস্ত্রধারী সন্ত্রাসীদের গুলি করার কঠোর সিদ্ধান্তও নেওয়া যেতে পারে। সকল সাংসদ, দেশের বুদ্ধিজীবী, সাংবাদিক ও গুণীজনরা একমত হলে এবং সকল দল সমর্থন করলে স্বরাষ্ট্রমন্ত্রীকে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া যেতে পারে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন, 'বিরোধীদলীয় নেত্রী থাকার সময় এই সংসদে আমি ছাত্র সংগঠনের সকল কার্যক্রম বন্ধ করার ঘোষণা দিয়েছিলাম। কিন্তু বিএনপি তখন কোনো পদক্ষেপ নেয়নি, আমার প্রস্তাবে সাড়া দেয়নি।' বর্তমান বিরোধীদলীয় নেত্রীর উদ্দেশে সংসদনেত্রী বলেন, 'বিরোধীদলীয় নেত্রীর কাছে জানতে চাই — তিনি এখানে এসে স্পষ্ট করে বলুন আমাদের প্রস্তাবে তাঁর সমর্থন আছে কিনা যে সন্ত্রাসীদের দেখামাত্র গুলি করা হবে।'

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাসীদের দেখামাত্র গুলি করার বিষয়টি কঠিন সিদ্ধান্ত, এর জন্য বিরোধী দলসহ সর্বস্তরের জনগণের সমর্থন প্রয়োজন।

বিএনপি সাংসদ মোশাররফ হোসেন মঙ্গুর অপর এক সম্পূরক প্রশ্নের জবাবে শেখ হাসিনা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে পার্থ হত্যা মামলার আসামিকে পুলিশ গ্রেপ্তার করলে বিরোধী দলের এমপিগণ যদি সংসদে হৈ চৈ করে সন্ত্রাসীদের মদদ দেন তাহলে সন্ত্রাস কিভাবে দূর হবে। তিনি বলেন, সন্ত্রাসীদের মুক্ত করার জন্য সংসদের সময় নষ্ট করা ঠিক নয়। গাড়ি ভাঙচুর করে সন্ত্রাসীদের মদদ কারা দেয় সবাই তা জানে।



*প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জাতীয় সংসদে 'প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বে' বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। — পিআইডি*